প্রথম আলো

তারিখ ... JUL 03 2006 ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৪ ...

# রংপুর মেডিকেলে ইন্টার্নি চিকিৎসক ও শিক্ষার্থীদের ধর্মঘট অব্যাহত

নিজস্ব প্রতিবেদক, *রংপুর*

রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে ইন্টার্নি চিকিৎসক এবং শিক্ষার্থীদের ধর্মঘট গতকাল রোববার দ্বিতীয় দিনেও অব্যাহত ছিল। দাবি আদায়ে ছাত্র সংসদ কলেজের প্রধান ফটকে তালা লাগিয়ে দিয়েছে।

গতকাল কলেজ ছাত্র সংসদ ও ইন্টার্নি ডাক্তার অ্যাসোসিয়েশনের নেতারা জানান, দাবি না মানলে ধর্মঘট প্রত্যাহার করা হবে না। তাদের অন্যতম দাবি, হাসপাতাল ক্যাম্পাস থেকে অবৈধ দোকানপাট উচ্ছেদ করতে হবে। কিন্তু দোকানদাররা ক্যাম্পাস থেকে দোকান না ওঠানোর ঘোষণা দিয়েছেন। এ নিয়ে উত্তেজনার সৃষ্টি হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, অন্যান্য সময় ইন্টার্নি চিকিৎসকদের আন্দোলনে কর্মচারীরাও যোগ দিতেন। এবার এর ব্যতিক্রম হচ্ছে। কারণ হাসপাতালের কর্মচারীরা ক্যাম্পাসের দোকানপাটের সঙ্গে পরোক্ষভাবে জড়িত। এ ব্যাপারে তৃতীয় শ্রেণীর কর্মচারী ইউনিয়নের সভাপতি আবদুর রউফ জানান, রোগীদের সুবিধার জন্যই দীর্ঘদিন ধরে দোকানগুলো রয়েছে। একটা ব্যক্তিগত ব্যাপার নিয়ে হাসপাতালে ধর্মঘট ডাকার সঙ্গে আমরা কোনোভাবেই যুক্ত হতে পারি না।

গতকাল হাসপাতালের পরিচালকের কক্ষে চিকিৎসকদের জরুরি বৈঠক হয়। বৈঠক শেষে পরিচালক শাহজাহান বিশ্বাস জানান, রোগীদের চিকিৎসাসেবা যাতে ব্যাহত না হয়, এ জন্য সব চিকিৎসক পর্যায়ক্রমে ওয়ার্ডে দায়িত্ব পালন করবেন।

কলেজ ছাত্র সংসদ গতকাল কলেজের প্রধান ফটকে তালা লাগিয়ে দিয়েছে। ইন্টার্নি ডাক্তার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক গোলাম মাহমুদ সুহান ও মেডিকেল কলেজ ছাত্র সংসদের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম রবিন জানান, দাবি আদায়ে প্রয়োজনে আরও কঠিন কর্মসূচি দেওয়া হবে।